

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
হাসপাতাল শাখা  
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারকনং-স্বাঃঅধিঃ/হাসঃ/প্রাঃক্লিঃ/ল্যাঃ/২০১৮-১৯/ ৩ ৫ ৪

তারিখঃ ২৭-০৯-২০১৮ খ্রিস্টাব্দ।

## জরুরী বিজ্ঞপ্তি

বিষয়ঃ বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, ডেন্টাল কলেজ হাসপাতাল, সাধারণ হাসপাতাল, ক্লিনিক, নাসির্ং হোম, ডায়াগনস্টিক সেন্টার, প্যাথলজিক্যাল ল্যাব, ডেন্টাল ক্লিনিক ও ব্লাড ব্যাংক এর অনলাইনে নতুন লাইসেন্স/নবায়ন এর সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

এই মর্মে বাংলাদেশের সকল বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, ডেন্টাল কলেজ হাসপাতাল, সাধারণ হাসপাতাল, ক্লিনিক, নাসির্ং হোম, ডায়াগনস্টিক সেন্টার, প্যাথলজিক্যাল ল্যাব, ডেন্টাল ক্লিনিক ও ব্লাড ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালকগণকে জানানো যাচ্ছে যে, অনলাইনে নতুন লাইসেন্স/নবায়ন রেজিস্ট্রেশন প্রক্রিয়া ৩০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ ছিল। প্রতিদিনই অনলাইন কার্যক্রম চলমান থাকায় নতুন লাইসেন্স/নবায়ন রেজিস্ট্রেশন প্রক্রিয়ার সময়সীমা আগামী ৩১ জানুয়ারী, ২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

এমতাবস্থায়, দেশের সকল লাইসেন্সপ্রাপ্ত ও লাইসেন্সবিহীন উল্লেখিত বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের এর ব্যবস্থাপনা পরিচালকগণকে আগামী ৩১ জানুয়ারী, ২০১৯ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত তারিখের পর আর সময়সীমা বৃদ্ধি করা হবে না। এতদসম্পর্কে জরুরী পরামর্শের জন্য নিম্নোক্ত ফোন/মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

রেজিস্ট্রেশনের অনলাইন ঠিকানাঃ <http://app.dghs.gov.bd/hsmgdghs> অথবা [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd) (বেসরকারী প্রতিষ্ঠান নিবন্ধন)

মোবাইল : মোঃ আব্দুল মজিদ : ০১৭৬১-৮৩৫০০১, ডাঃ দেওয়ান মোঃ মেহেদী হাসান : ০১৭১৭-৫১৫১৬৬ (অফিস কালীন সময়ে)

### কার্যার্থেঃ

১. পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ।
২. সিভিল সার্জন, সকল জেলা।
৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (UHFPO), সকল উপজেলা।

অধ্যাপক ডাঃ কাজী জাহাঙ্গীর হোসেন PhD

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ) এবং

লাইন ডাইরেক্টর (হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট)

e-mail: [ihsmd@dghs.gov.bd](mailto:ihsmd@dghs.gov.bd) ফোন নং ০২-৫৫০৬৭১৫০

ফ্যাক্স নং- ০২ ৫৫০৬৭১৫১